

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৮৪

১/ বিবিধ

## আরবী

من حج عن ميت فللذي حج عنه مثل أجره، ومن فطر صائما فله مثل أجره، ومن دل على خير فله مثل أجر فاعله

ضعيف

أخرجه الخطيب (11/353) من طريق أبي حجية علي بن بهرام العطار: حدثنا عبد الملك بن أبي كريمة عن ابن جريج عن عطاء عن أبي هريرة مرفوعا به قلت: وهذا سند ضعيف، وله علتان

الأولى: جهالة أبي حجية هذا فقد ترجمه الخطيب ولم يذكر فيه جرحا ولا تعديلا والأخرى: عنعنة ابن جريج فإنه مدلس

والفقرة الثانية والثالثة قد جاءتا من طرق ثابتة، وإنما أوردته من أجل الفقرة الأولى، فإنها غريبة منكرة

বাংলা

১১৮৪। যে ব্যক্তি মৃত ব্যক্তির পক্ষ থেকে হাজ্জ করবে সে যার পক্ষ থেকে হাজ্জ করল তার জন্য তার নিজের (হাজ্জকারীর) সমান সাওয়াব হবে। যে ব্যক্তি সায়েম ব্যক্তিকে ইফতার করাবে সায়েম ব্যক্তির ন্যায় তার সাওয়াব হবে, আর যে ব্যক্তি (অন্য কোন ব্যক্তিকে) কল্যাণকর কর্মের দিকে আহবান করবে তার জন্য সে কর্ম সম্পাদনকারীর ন্যায় সাওয়াব হবে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি খাতীবুল বাগদাদী (১১/৩৫৩) আবু হাজিয়্যাহ্ আলী ইবনু বাহরাম তিনি আতা হতে, তিনি আবু হুরাইরাহ



(রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দু'টি কারণে দুর্বলঃ

১। আবু হাজিয়্যাহ মাজহুল (অপরিচিত) বর্ণনাকারী। আল-খাতীব তার জীবনী আলোচনা করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই উল্লেখ করেননি।

২। হাদীসটি ইবনু জুরায়েযে কর্তৃক আন আন করে বর্ণনাকৃত, তিনি একজন মুদাল্লিস বর্ণনাকারী।

হাদীসটি দ্বিতীয় এবং তৃতীয় অংশ দুটি সহীহ সনদ দ্বারা সাব্যস্ত হয়েছে। এখানে হাদীসটি উল্লেখ করেছি শুধুমাত্র হাজ্জের সাথে সংশ্লিষ্ট প্রথম বাক্যটির কারণে। কারণ সেটি মুনকার ও গারীব।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন